

শাহজালাল প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়
২৪ বছরেও চালু
হয়নি ভাষা
ইনস্টিটিউট

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের খাদ্য প্রকৌশল ও চা-প্রযুক্তি বিভাগের ছাত্র অনুপ সরকার স্নাতক শেষে জার্মানিতে স্নাতকোত্তর করতে চান। তাই জার্মান ভাষা শেখা জরুরি। কিন্তু বিশ্ববিদ্যালয়ে আধুনিক ভাষা ইনস্টিটিউট নেই। তাই ঢাকায় গিয়ে তিনি জার্মান ভাষার কোর্স করার পরিকল্পনা করছেন।

ওধু অনুপ সরকারই নন, এ বিশ্ববিদ্যালয়ের শত শত শিক্ষার্থী বিভিন্ন ভাষার কোর্স করতে চান। কিন্তু এ বিশ্ববিদ্যালয়ে আধুনিক ভাষা ইনস্টিটিউট না থাকায় তাদের অভিরিক্ত সময় ও টাকা খরচ করে যেতে হচ্ছে ঢাকায়। অথচ বিশ্ববিদ্যালয় আইন অনুসারে, এ শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠার প্রাথমিক পর্যায়ে আধুনিক ভাষা ইনস্টিটিউট থাকার কথা ছিল। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের মহাপরিকল্পনায়ও ১৯৯৫ থেকে ২০০০ সালের মধ্যে এটি চালুর কথা ছিল। ১৯৯০-৯১ শিক্ষাবর্ষ থেকে প্রতিষ্ঠানে একাডেমিক কার্যক্রম শুরু হয়। সেই হিসেবে কার্যক্রম শুরুর ২৪ বছর পরিয়ে গেলেও আধুনিক ভাষা ইনস্টিটিউট চালু করা হয়নি।

জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আমিনুল হক জুইয়া বলেন, ভাষা ইনস্টিটিউট চালুর বিষয়ে কিছুদিন আগে সিন্ডিকেট সভায় নীতিগত অনুমোদন হয়েছে। প্রয়োজনীয় সব প্রক্রিয়া সম্পন্ন করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমোদন সাপেক্ষে ইনস্টিটিউটটি চালু করা হবে।